



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৮.২২.৬৮

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮

৩০ মার্চ ২০২২

বিষয়: আসন্ন গম সংগ্রহ/২০২২ সফলকরণ।

সূত্র: সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৮.২২.৬৭, তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উৎপাদক/কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য প্রদান করা, খাদ্যশস্যের বাজারদর স্থিতিশীল রাখা, খাদ্য নিরাপত্তা মজুত গড়ে তোলা ও সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থাপনায় সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে সরকার প্রতিবছর খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রম গ্রহণ করে থাকে। সে আলোকে আসন্ন অভ্যন্তরীণ গম সংগ্রহ/২০২২ এর আওতায় গম সংগ্রহ কার্যক্রম আগামী ০১/০৪/২০২২ খ্রি: তারিখ থেকে শুরু হবে এবং ৩০/০৬/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। আসন্ন অভ্যন্তরীণ গম সংগ্রহ/২০২২ মৌসুমে সরকার কর্তৃক অনুমোদিত ১,৫০,০০০ মেট্টন গমের উপজেলাওয়ারি বিভাজন ইতোমধ্যে সূচিত স্মারকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। অতীতে গম সংগ্রহ মৌসুমে লক্ষ্য করা গেছে যে, সংগ্রহকালে কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্টদের যথাযথ দায়িত্বশীলতার অভাবে সংগৃহিত গমের গুণগত মান ও সংগ্রহ কার্যক্রম প্রশ্নবিন্দু হয়েছে। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ করে গমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। আসন্ন গম সংগ্রহ/২০২২ মৌসুমে সরকার সংগ্রহ নীতিমালা অনুযায়ী গম সংগ্রহ নিশ্চিত করার জন্য দৃঢ় অবস্থান গ্রহণ করেছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- (ক) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী প্রকৃত উৎপাদক/কৃষকদের নিকট থেকে চলতি মৌসুমে উৎপাদিত বিনির্দেশসম্মত গম সংগ্রহ করতে হবে। এ লক্ষ্যে স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- খ) প্রকৃত কৃষক/উৎপাদক চিহ্নিত করার জন্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি স্থানীয় উপজেলা কৃষি কর্মকর্তার নিকট থেকে গম উৎপাদনকারী কৃষকদের তালিকা সংগ্রহ করে তালিকা হতে প্রয়োজনীয় সংখ্যক কৃষক নির্বাচন করবে এবং তাদের নিকট হতে গম সংগ্রহ করার লক্ষ্য সংগ্রহ নীতিমালা অনুযায়ী পরিমাণ নির্ধারণ করে দিবে। কৃষকদের জাতীয় পরিচয়পত্র ও কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভিত্তিতে ক্রয় কর্মকর্তা তালিকাভুক্ত কৃষক সনাক্ত করবেন। উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক নির্বাচিত কৃষকদের তালিকা সাংবাদিকসহ সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে;
- গ) খাদ্য গুদামসমূহে কৃষকবাঞ্চা পরিবেশ নিশ্চিত করতে হবে;
- ঘ) উৎপাদক/কৃষক কর্তৃক গুদামে সরবরাহকৃত গমের মূল্য অবশ্যই সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে;
- ঙ) অভ্যন্তরীণভাবে গম সংগ্রহ অভিযানে কোনক্রমেই যাতে বিদেশী ও পৌরাণিক গম ক্রয় করা না হয় তা নিশ্চিত করতে হবে;
- চ) সংগৃহিত প্রতিটি গমের বস্তায় সর্বশেষ নির্দেশনা অনুযায়ী স্টেনসিল প্রদান নিশ্চিত করতে হবে;
- ছ) মূল্য পরিশোধকারী কর্মকর্তা সংগ্রহযোগ্য গমের মান ও পরিমাণ সম্পর্কে নিশ্চিত হয়ে মূল্য পরিশোধের আদেশ দিবেন; সংগৃহিত পণ্যের মানে কোন ক্রটি পাওয়া গেলে ক্রয় কর্মকর্তার সাথে মূল্য পরিশোধকারী কর্মকর্তাও দায়ী থাকবেন;
- জ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ২০(ক) মোতাবেক সংগ্রহের সময় ক্রয়কারী, মূল্য পরিশোধকারী ও

তদারকি কর্মকর্তাকে অত্যন্ত সতর্ক থাকতে হবে যাতে কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত গম ক্রয় করা না হয়। বিনির্দেশ বহির্ভূত গম ক্রয়ের জন্য ক্রয়কারী কর্মকর্তা ও মূল্য পরিশোধকারী কর্মকর্তা সরাসরি দায়ী থাকবেন;


বা) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর অনুচ্ছেদ ২০ (ক) এর নির্দেশনা অনুযায়ী জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ নিজ নিজ অধিক্ষেত্রে নিয়মিতভাবে সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক পরিদর্শনকালে কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন;

গ্রও) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুচ্ছেদ ২০ (খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা গমের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে। এ প্রতিবেদনে বর্ণিত তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক পাওয়া না গেলে কমিটি দায়ী থাকবে;

ট) গম সংগ্রহের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রার সমূদয় গম সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সংকল্পবদ্ধ থাকতে হবে।

ঠ) প্রতিদিন বিকেলে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর থেকে গম সংগ্রহের তথ্য খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

এ পত্র জারীতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৩১-৩-২০২২

মোঃ রায়হানুল করীব

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৮.২২.৬৮/১(৫)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮  
৩০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



৩১-৩-২০২২

মোঃ রায়হানুল করীব

পরিচালক